



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা,
ঢাকা-১০০০।

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেপ্টেম্বর / ২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট, এপিএ টিম।
সভার তারিখ	০৯-০৯-২০২০ ইং
সভার সময়	বুধবার সকাল ১১:০০ ঘটিকায়
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনি কনফারেন্স রুম।
উপস্থিতি	ক) জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম। খ) জনাব শিহাব মাহমুদ, সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), সদস্য, এপিএ টিম খ) জনাব দেবব্রত দাস, সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), সদস্য, এপিএ টিম, গ) জনাব এম.আলাউদ্দিন আল আজাদ, সহকারী পরিচালক (অপারেশন), সদস্য, এপিএ টিম।

২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে এপিএ টিমের সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপনা করেন। সভায় ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) আগস্ট/২০২০ মাসের এপিএ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। তারপর সভাপতি অত্র অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সেপ্টেম্বর ২০২০ মাসে কি কি বাস্তবায়ন করতে হবে সেই সর্ম্পকে আলোচনা করেন।

২.২ সভাপতি বলেন যে, গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের মাসিক প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত, ওয়ার্কশপ /সেমিনারের আয়োজন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সভা, শুদ্ধাচার / উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ সর্ম্পকে নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ


ক) অত্র মাসে জুন ২০২০ মাসের গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের মাসিক প্রতিবেদন প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) অত্র মাসে একটি ওয়ার্কশপ /সেমিনারের আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) অত্র মাসে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সভা, শুদ্ধাচার / উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম

সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন
ইউনিট, এপিএ টিম।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.১৪৩

তারিখ: ৩ আশ্বিন ১৪২৭

১৮ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ধাকা-১০০০।
- ২) অফিস কপি ।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন
ইউনিট, এপিএ টিম।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৩২.০০২.১৯.১৯০

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭

০৮ সেপ্টেম্বর ২০২০

সভার নোটিশ

২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে এপিএ টিমের মাসিক সভা আগামী ০৯ সেপ্টেম্বর ২০২০ ইং তারিখ, বুধবার সকাল ১১.০০ ঘটিকায় অত্র দপ্তরের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় এপিএ টিমের সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮-৯-২০২০

মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)
ফোন: +৮৮-৯১১৭৭৯৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৬) সহকারী পরিচালক (অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৭) অফিস কপি